গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মেডিকেল-১ শাখা
www.moha.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.২৫৪.১১.০৮.২৪- ১৫২ তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ / ১০ নভেম্বর ২০২৫

**বিষয়ঃ বাংলাদেশ পুলিশ হাসপাতালসমূহের ২৪ (চব্বিশ)টি শূন্যপদ পূরণের জন্য "ছাড়পত্র" প্রদান।**

সূত্রঃ পুলিশ অধিদপ্তরের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৬.২৬.২০২৪/২৬২৮(০২), তারিখ: ০৫/১০/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা; ৫টি বিভাগীয় পুলিশ হাসপাতাল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট), বাংলাদেশ পুলিশ একাডেমি হাসপাতাল, সারদা এবং বিভিন্ন জেলা পুলিশ হাসপাতালসমূহে সরাসরি নিয়োগযোগ্য "মেডিকেল অফিসার" এর ২৪ (চব্বিশ)টি শূন্য পদে যোগ্য প্রার্থী নির্বাচন করে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে "ছাড়পত্র" প্রদান করা হলো।

"ছক"

| ক্রমিক | দপ্তরের নাম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ছাড়পত্রকৃত পদসংখ্যা |
|---|---|---|---|
| ০১ | পুলিশ অধিদপ্তর, ঢাকা। | মেডিকেল অফিসার, গ্রেড-৯, ২২০০০/--৫৩০৬০/- | ২৪ (চব্বিশ) টি |

শর্তসমূহ:

(ক) উল্লিখিত পদপূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রিট/মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারি ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২২ নম্বর পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরিকৃত ও শূন্যপদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;

(ঘ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক পদপূরণ করতে হবে;

(ঙ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;

(চ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত গত ২৩ জুলাই, ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নম্বর পরিপত্র অনুসরণ করতে হবে;

(ছ) অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত পদ পূরণের পূর্বে হালনাগাদ সংরক্ষণ আদেশ সংগ্রহ করতে হবে; এবং

(জ) উক্ত ছাড়কৃত পদ পূরণ করার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে ১৫ কলামে তথ্যছকে সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা শূন্যপদ পূরণের তথ্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মেডিকেল-১ শাখায় প্রেরণ করবে। বর্ণিত তথ্যছক প্রাপ্তির পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক তা জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৪০৫০
E-mail: medical1@mhapsd.gov.bd

পুলিশ মহাপরিদর্শক
পুলিশ অধিপ্তর, ঢাকা।

স্মারক নং- ৪৪.০০.০০০০.২৫৪.১১.০৮.২৪- তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ / ১০ নভেম্বর ২০২৫

D:\মেডিকেল-১\১১.০০৮.২৪ (মেডিকেল অফিসার ছাড়পত্র)\Letter.docx

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব (মেডিকেল অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব